উপজেলা সমবায় কার্যালয় বড়াইগ্রাম,নাটোর এর স্ব-প্রনোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য

## ০১/০৭/২০২৩ইং হতে ৩০/০৬/২০২৪ইং পর্যন্ত

স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধিনে সমবায় অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিস উপজেলা সমবায় কার্যালয়,বড়াইগ্রাম,নাটোর এর উপজেলা পরিষদ চত্তরের নতুন ভবনের তৃতীয় তলাই উপজেলা সমবায় অফিস অবস্থিত।

উপজেলা সমবায় কার্যালয় সমবায় সমিতি আইন ও বিধি: মোতাবেক সমবায় নিবন্ধন,অডিট,পরিদর্শন সহ সমবায় সমিতির যাবতীয় কার্যক্রমের প্রথম ইউনিট অফিস হিসেবে কাজ করে। এ দপ্তরে মোট জনবল ০৫ জন। ০১ জন সমবায় অফিসার,০২জন সহকারী পরিদর্শক,০১ জন অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর ও ০১ জন অফিস সহয়ক।

উপজেলা সমবায় কার্যালয়,বড়াইগ্রাম,নাটোর এর আওতাধীন সমবায় সংক্রান্ত তথ্য :

<u>কেন্দ্রী সমিতির সংখ্যা ০২টি</u>

পউবো: ১) বড়াইগ্রাম ইউসিসিএ লিঃ

২) বড়াইগ্রাম ইউবিসিসিএ লিঃ

<u>প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা:</u>

সাধারন: ১২৭ টি

পউবো: ৩১৬ টি

আশ্রয়ন প্রকল্প ০৩ টি:

১) বাহিমালি আশ্রয়ন প্রকল্প।
২) চৌমুহান আশ্রয়ন প্রকল্প।
৩) ছাতিয়ানগাছা আশ্রয়ন প্রকল্প।

আশ্রয়ন ২ সমবায় সমিতি ০৪ টি:

৪) আটঘড়ি উত্তরপাড়া আশ্রয়ন প্রকল্প।
৫) আটঘড়ি দক্ষিণপাড়া আশ্রয়ন প্রকল্প।
৬) উপলশহর উত্তরপাড়া আশ্রয়ন প্রকল্প।
৭) উপলশহর দক্ষিণপাড়া আশ্রয়ন প্রকল্প।

<u>সমবায় সমিতির সদস্য সদস্য সংখ্যা:</u>

৩০/০৬/২০২৪ইং তারিখ পর্যন্ত সমবায় সমিতির মোট সদস্য সংখ্যা: ৫৮৫৫০ জন।

<u>সমবায় সমিতির মোট মূলধন:</u>

৩০/০৬/২০২৪ইং তারিখ পর্যন্ত সমবায় সমিতির মোট মূলধন: ১২৩৬৫৭৬.৮৩ লক্ষ টাকা।

২০২৩ -২৪ অর্থ বছরের উল্লেখযোগ্য কার্যাবলী :

সবাইকে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতির ক্ষেত্রে উপজেলা সমবায় কার্যালয় বড়াইগ্রাম নাটোর বিগত বছরের উল্লেখযোগ্য সাফল্য অর্জন করে ।কর্মকর্তাগণের উদ্ভাবনী প্রয়াসের ফলে সমবায়কে আরো গণমানুষের সংগঠনের পরিণত করতে ও এর গুণগত মান উন্নয়নে বিভাগে উৎপাদন মুখী ও সেবা ধর্মী সমবায় গঠন, সমবায় উদ্যোক্তা সৃষ্টির কৌশল অবলম্বন, সমবায় পণ্য উৎপাদন ও বাজার জাতকরণের

সহায়ক ভূমিকা পালন করতে সক্ষম হয়। বিগত অর্থবছরের নতুন কোন সমিতি নিবন্ধন হয়নাই। ২০২৩-২৪ সালে ১৪০ টি সমবায় সমিতির নিরীক্ষা সম্পন্ন করা হয়। ভ্রাম্যমাণ টিমের মাধ্যমে ১০০ জন সমবায়ীকে চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এছাড়াও আইজিএ প্রশিক্ষণ এর মাধ্যমে ১২ জন মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ ও ঋণ প্রদানের মাধ্যমে ১৫৪ পুরুষ,২৫২ মহিলার সহজ কর্মসংস্থান হয়েছে। এছাড়াও রুপকল্প ২০৪১ এসডিজি অর্জন এবং সপ্তম পঞ্চম বার্ষিকী পরিকল্পনার আলোকে সমবায় অধিদপ্তর কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্প কিছু কার্যক্রম এই দপ্তরে বাস্তবায়ন করা হচ্ছে। বাস্তবায়িত ও চলমান এই সকল প্রকল্প গুলোর মধ্যে বিগত বছরের ৪০৬ জন গ্রামীণ মহিলা ও বেকার যুবকের স্বাবলম্বী করা হয়েছে । এছাড়া প্রধানমন্ত্রী দপ্তরে ০৩টি আশ্রয়ন প্রকল্পের আওতায় ক্রমপুঞ্জিভুত ২৪৫১৫০০/- টাকার ঋণ প্রদান এবং ১৬৩৪৮১৪/- টাকা আদায় সার্ভিস চার্জ সহ আদায় করা হয়েছে।

## বিগত বছরের সাফল্য:

উৎপাদনমুখী টেকসই সমবায় গঠনের মাধ্যমে বড়াইগ্রাম উপজেলার বিভিন্ন শ্রেণী পেশার মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে উপজেলা সমবায় কার্যালয় বড়াইগ্রাম নাটোর এর আওতাধীন নিবন্ধিত প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা ১২৭ টি নানাশ্রেণীর ও পেশার সম্মিলনে তৈরি হওয়ায়বৈচিত্র্যময় কার্যক্রমে পূর্ন বিপুল সংখ্যক সমবায় সমিতিতে সুশাষন প্রতিষ্টার জন্য পরিদর্শন, নিরীক্ষার মাধ্যমে নিবিড়ভাবে মনিটরিং করা হচ্ছে।

## **বিগত বছরের সাফল্য সমূহ নিম্নরুপ:**

ক) বিভিন্ন শ্রেনী/পেশার জনগোষ্ঠীর সমবায়ের মাধ্যমে একত্রিত হযয়ে সম্মিলিত মূলধন গড়ে তুলেছে। বর্তমানে ০২ কেন্দ্রীয় এবং ১০২টি প্রাথমিক (সাধারণ) ও ৩১৬ টি (পউবো) মোট ৪১৮টি সমবায় সমিতির ১২৩৬৫৭৬.৮৩ লক্ষ টাকা মূলধন গঠিত হয়েছে।

খ) সমবায় থেকে আয় বর্ধনমূলক প্রশিক্ষণ গ্রহণ করে প্রান্তিক জনগণ স্বাবলম্বী হওয়ার সুযোগ সৃষ্টি হয়েছে। আঞ্চলিক সমবায় প্রশিক্ষণইনস্টিটিউটে মোট ১২ প্রশিক্ষণ গ্রহণ করেছে।

গ) সমবায়ের মাধ্যমে ৪০৬ জন লোকের লোকের কর্মসংস্থান সৃষ্টি হয়েছে।

ঘ) ২০২৩-২৪ অর্থবছরের অডিট ফি বাবদ ১২৩৪১০/- লক্ষ টাকা সরকারি রাজস্ব আদায় করা হয়েছে।

ঙ) ২০২৩-২৪ অর্থ বছরের সমবায় উন্নয়ন তহবিল ৩৮৫২১৮/- টাকা আদায় করা হয়েছে।

ছ) ২০২৩-২৪ অর্থবছরে প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধন প্রদান করা হয়নি।

জ) ২০২৩-২৪ অর্থ বছরের ২১৭৫ জন সদস্যদের মধ্যে ৪১.৮/- (লক্ষ) টাকা লভ্যাংশ বিতরণ করা হয়ছে।

ঝ) ০৪টি ভ্রাম্যমান প্রশিক্ষণের মাধ্যমে ১০০ জন সদস্যকে কৃষি, পশুপালন, মৎস্য ও সমবায় ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে ।

ঞ) সমিতি গুলির সফল কার্যক্রমের প্রেক্ষিতে ইতিমধ্যে ০৩টি মহিলা সমবায় সমিতি তাদের নিজস্ব অর্থায়নে সমিতির নামেয় জমি ক্রয় এবং নিজস্ব অফিস ঘর নির্মাণ করেছে। অফিস ঘরের সাথে সভাপতি সদস্যদের উৎপাদিত পণ্য বিক্রয়র জন্য সবজি বিক্রয়ের ,ছাগল বিক্রয়ের সেড রয়েছে সমিতির সদস্যদের উৎপাদিত পণ্য পরিবহনের জন্য মিনি ট্রাক ক্রয় করেছে। সমিতির সদস্যদের এর উৎপাদিত পণ্য বাজারে পরিবহনের জন্য ট্রাক টি ব্যবহার করা হচ্ছে।

ট) উৎপাদন মুখী ও টেকসই সমবায় গঠনের লক্ষে বিদ্যমান সমবায় সমিতি গুলোকে উদ্বুদ্ধকরণ সহ নতুন সমবায় গঠনের প্রচেস্টা চলছে ।

ঠ) উপজেলার মৎস্য সমবায় গুলোর মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি পেয়েছে ।

ড) উপজেলার প্রাণি সমবায় গুলোর মাধ্যমে গবাদি পশু পালন বৃদ্ধি পেয়েছে ।

## জাতীয় সমবায় পুরস্কার ২০২৩ এর মনোনয়ন

লালপুর উপজেলা হতে নিম্নবর্ণিত ০২ টি সমবায় সমিতি জাতীয় সমবায় পুরস্কার ২০২৩ মনোনয়ন প্রদান করাহয়েছে।

| শ্রেণি | সমবায় সমিতির নাম | প্রাপ্ত নম্বর |
|---|---|---|
| কাল্ব | বনপাড়া খ্রিষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ | ৯৮ |
| মহিলা সমিতি | আমরা স্বাধীন মহিলা সমবায় সমিতি লিঃ | ৯২ |